

🖦 ে আল-হা'क 🗓 أَلْحُقَّ

অর্থ

পরম সত্য

English

☐ Al-Haqq

- The One who truly exists.
- The Truth, the Just.

ব্যাখ্যা

ী আল-হাৰু (প্ৰকৃত সত্য)[1] | Al-□aqq | The Absolute Truth

তিনি যাত ও সিফাত সর্বদিক দিয়েই সত্য। তিনি ওয়াজিবুল ওয়াজুদ তথা অত্যাবশ্যকীয় ভাবে সদাবিদ্যমান, পরিপূর্ণ সিফাত ও গুণাবলীর অধিকারী, তাঁর অস্তিত্ব বিদ্যমান থাকা তাঁর যাতের অত্যাবশ্যকীয়তা। তিনি ব্যতীত কোন কিছুর অস্তিত্ব ছিল না। তিনি আযালী তথা সর্বদা ছিল ও থাকবেন, তিনি সর্বদা বড়ত্ব, সৌন্দর্য ও পূর্ণতার গুণে সর্বদা গুণান্বিত ছিল ও থাকবেন। তিনি সর্বদা ইহসানে সুপরিচিত ছিল ও থাকবেন।

তাঁর কথা সত্য, তাঁর কাজ সত্য, তাঁর দর্শন সত্য, তাঁর রাসূল সত্য, তাঁর কিতাব সত্য, তাঁর দীন সত্য, একমাত্র তাঁর ইবাদত করা ও তাঁর সাথে কাউকে শরীক না করা সত্য, সবকিছু তাঁর কাছে প্রত্যাবর্তন করবে এ কথা সত্য। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ ذَٰلِكَ بِأَنَّ ٱللَّهَ هُوَ ٱلدَّحَقُّ وَأَنَّ مَا يَداَّعُونَ مِن دُونِهِ اَهُوَ ٱلدَّبَٰطِلُ وَأَنَّ ٱللَّهَ هُوَ ٱلدَّعَلِيُّ ٱلدَّكَبِيرُ ٦٢ ﴾ [الحج:

"আর এটা এজন্য যে, নিশ্চয় আল্লাহই সত্য এবং তারা তাঁর পরিবর্তে যাকে ডাকে, অবশ্যই তা বাতিল। আর নিশ্চয় আল্লাহ তো সমুচ্চ, সুমহান।" [সূরা আল-হাজ্জ, আয়াত: ৬২]

আল্লাহ তা'আলা আরো বলেছেন,

﴿ وَقُل ٱلاَحَقُّ مِن رَّبِّكُم اللهِ فَمَن شَآءَ فَلاَ يُؤامِن وَمَن شَآءَ فَلاَ يَكافُر ٢٩٣ ﴾ [الكهف: ٢٩]

"আর বলুন, সত্য তোমাদের রবের পক্ষ থেকে। সুতরাং যে ইচ্ছা করে সে যেন ঈমান আনে এবং যে ইচ্ছা করে



সে যেন কুফরী করে।" [সূরা আল-কাহফ, আয়াত: ২৯] আল্লাহ তা'আলা আরো বলেছেন,

﴿ فَمَاذَا بَعَادَ ٱلدَّحَقِّ إِلَّا ٱلضَّلِّلُ ٣٢﴾ [يونس: ٣٦]

"অতঃপর সত্যের পর ভ্রষ্টতা ছাড়া কী থাকে?" [সূরা ইউনুস, আয়াত: ৩২]

﴿ وَقُل ؟ جَآءَ ٱلدَّحَقُّ وَزَهَقَ ٱلدَّبُطِلُ ؟ إِنَّ ٱلدَّبُطِلُ كَانَ زَهُوقًا ٨٨ ﴾ [الاسراء: ٨١]

"আর বলুন, হক এসেছে এবং বাতিল বিলুপ্ত হয়েছে। নিশ্চয় বাতিল বিলুপ্ত হওয়ারই ছিল।" [সূরা আল-ইসরা, আয়াত: ৮১][2]

[1] এ নামের দলিল হলো আল্লাহ তা'আলার বাণী,

﴿ ذَٰلِكَ بِأَنَّ ٱللَّهَ هُوَ ٱللَّحَقُّ وَأَنَّ مَا يَداَعُونَ مِن دُونِهِ اَهُوَ ٱللَّبَطِلُ وَأَنَّ ٱللَّهَ هُوَ ٱللَّعَلِيُّ ٱللَّكَبِيرُ ٢٦ ﴾ [الحج:

"আর এটা এজন্য যে, নিশ্চয় আল্লাহই সত্য এবং তারা তাঁর পরিবর্তে যাকে ডাকে, অবশ্যই তা বাতিল। আর নিশ্চয় আল্লাহ তো সমুচ্চ, সুমহান।" [সূরা আল-হাজ্জ, আয়াত: ৬২]

[2] আত-তাফসীর, ৫/৬৩১-৬৩২।

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=52

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন